

উপজেলা সমাজকল্যাণ বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোছাঃ মেরিনা আক্তার মিনা
মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।
সভার তারিখ : ০৫/৮/২০২১ খ্রিঃ
সময় : সকাল ১০:০০ ঘটিকা
সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, কুমারখালী, কুষ্টিয়া।

উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভার আলোচ্য সূচী :

- ১। বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেসা মুজিব সমাজসেবা কমপ্লেক্স ভবন নির্মাণ সংক্রান্ত।
- ২। বিবিধ।


সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। প্রথমেই পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শোনান সদস্য সচিব ও উপজেলা সমাজসেবা অফিসার এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়।

আলোচ্য বিষয় : বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেসা মুজিব সমাজসেবা কমপ্লেক্স ভবন নির্মাণ সংক্রান্ত।

আলোচনা : সদস্য সচিব সভায় জানান যে, সমাজসেবা অধিদফতর উপজেলা পর্যায়ে সামাজিক নিরাপত্তা, দারিদ্র বিমোচনসহ প্রায় ৫৭টি কার্যক্রম বাস্তবায়ন করে থাকে। এই বিশাল কর্মযজ্ঞ বাস্তবায়নে পর্যাপ্ত রুম এবং জনবল না থাকায় নানাবিধ সমস্যার সন্মুখীন হতে হয়। বর্তমান সরকার উপজেলা পর্যায়ে সামাজিক নিরাপত্তা ও দারিদ্র বিমোচনসহ অন্যান্য কার্যক্রমকে গতিশীল করার লক্ষে প্রতিটি উপজেলাতে বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেসা মুজিব সমাজসেবা কমপ্লেক্স ভবন নির্মাণের প্রকল্প হাতে নিয়েছেন। উপজেলা সমাজসেবা অফিস, কুমারখালী একটি জরাজীর্ণ এবং প্রায় পরিত্যক্ত ভবনে কার্যক্রম বাস্তবায়ন করেন বিধায় বর্তমান অফিস কক্ষটি ভেঙে উক্ত স্থানে একটি সমাজসেবা কমপ্লেক্স ভবন নির্মাণ করা আবশ্যিক। উপস্থিত সদস্যগণ এ ব্যাপারে বিস্তারিত আলোচনা করেন।

সিদ্ধান্ত : উপজেলা সমাজসেবা কার্যালয়ের কার্যক্রমকে আরো গতিশীল ও বেগবান করার জন্য কুমারখালী উপজেলা সমাজসেবা অফিস কক্ষ ভেঙে উক্ত স্থানে বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেসা মুজিব সমাজসেবা কমপ্লেক্স ভবন নির্মাণের সুপারিশ প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মোছাঃ মেরিনা আক্তার মিনা)
মহিলা ভাইস চেয়ারম্যান
ও
সভাপতি


উপজেলা সমাজকল্যাণ বিষয়ক কমিটি
কুমারখালী, কুষ্টিয়া।

স্মারন নং- ৪১.০১.৫০৭১.০০০.০৬.০০৮.২১. ৫৭৭

তারিখ : ২১ শ্রাবণ ১৪২৮
০৫ আগস্ট ২০২১

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরিত হলো-

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমারখালী, কুষ্টিয়া।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, কুমারখালী, কুষ্টিয়া।
- ০৩। সংশ্লিষ্ট নথি।


(মোহাম্মদ আলী)
উপজেলা সমাজসেবা অফিসার
কুমারখালী, কুষ্টিয়া
ussso.kumarkhall@dss.gov.bd